



যৌতুকের অপব্যবহার

যৌতুক-সম্পর্কিত সহিংসতা বা হয়রানি হল গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার একটি রূপ।

যৌতুকের রীতি দেশ এবং সংস্কৃতি ভেদে ভিন্ন হতে পারে।

'যৌতুক' দ্বারা বিয়ের সময় সাধারণত কোনো নারীর পরিবার কর্তৃক তার স্বামীকে প্রদত্ত টাকা-পয়সা, সম্পত্তি বা উপহারকে বুঝায়। যৌতুকের ব্যবহারই যে অপব্যবহার তা নয়।

বিয়ের আগে, বিয়ের সময় বা পরে যেকোন সময় যৌতুক প্রদান বা গ্রহণের সাথে যুক্ত জোর-জবরদস্তি, সহিংসতা বা হয়রানিমূলক কোনো কাজ হলো এক ধরনের অপব্যবহার। যৌতুক-সংক্রান্ত অপব্যবহার সাধারণত যৌতুক প্রদান করা হয়নি এমন দাবি এবং কোনো নারী ও তার বৃহত্তর পরিবারের কাছ থেকে আরও টাকা-পয়সা বা উপহার চাওয়ার সাথে সম্পর্কিত।

অস্ট্রেলিয়ার আইন অনুযায়ী গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা হলো অপরাধ। যে ব্যক্তি এ অপরাধ করবেন তিনি পুরুষ বা নারী যাই হন না কেন তাকে কারাগারে যেতে হতে পারে।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **000** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার (Australian Government) কোনো অবস্থাতেই যৌতুক-সংক্রান্ত সহিংসতা বা হয়রানি সহ্য করে না।

Australian Government যৌতুক-সংক্রান্ত সহিংসতা ও হয়রানিসহ পারিবারিক সহিংসতার বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে গ্রহণ করে। ধর্মীয় ও সাংস্কৃতিক চর্চা এবং বিশ্বাস নির্বিশেষে সমস্ত অস্ট্রেলীয় নাগরিকের সহিংসতা, ভীতি বা জুলুমবিহীন জীবনযাপন করার অধিকার রয়েছে।

সঙ্গী (স্ত্রী/স্বামী) বা তার পরিবারের নিরাপত্তার ক্ষেত্রে ভীতি বা হুমকি সৃষ্টির লক্ষ্যে কোনো আচরণ বা হুমকি যৌতুক-সংক্রান্ত সহিংসতা ও হয়রানির অন্তর্ভুক্ত।

আপনি ভিসার ভিত্তিতে অবস্থান করলেও সহায়তা পেতে পারেন।

সঙ্গী, পরিবারের সদস্য বা সমাজের অন্য ব্যক্তির আপনার ভিসাগত মর্যাদার প্রতি হুমকি দিতে পারে না।

আপনি অস্থায়ী সঙ্গী ভিসা (উপশ্রেণী 309 বা 820) বা সম্ভাব্য বিবাহ ভিসার (উপশ্রেণী 300) ভিত্তিতে অবস্থান করলে এবং যৌতুক সংক্রান্ত পারিবারিক সহিংসতার শিকার হলে, আপনার স্থায়ী সঙ্গী ভিসার (উপশ্রেণী 100 বা 801) আবেদন প্রক্রিয়া অব্যাহত রাখতে অস্ট্রেলিয়ার অভিবাসন আইনে পারিবারিক সহিংসতা সংক্রান্ত বিধান রয়েছে।

কাউকে বিয়ে করতে বাধ্য করার জন্য যৌতুক ব্যবহার করা যাবে না।

কোনো ব্যক্তির পূর্ণাঙ্গ ও স্বাধীন সম্মতি ব্যতিরেকে বিয়েতে বাধ্য করতে যৌতুক ব্যবহার করা হলে সেটি হতে পারে একটি বলপূর্বক বিয়ে।

অস্ট্রেলিয়ায় বিয়ে করবে কিনা, কাকে এবং কখন বিয়ে করবে সেটা পছন্দের স্বাধীনতা প্রত্যেকের রয়েছে। কাউকে জোর করে, হুমকি দিয়ে, বা প্রতারণার মাধ্যমে বিয়ে দেয়াটা অস্ট্রেলিয়াতে আইন বিরুদ্ধ। বলপূর্বক বিয়েকে উৎসাহিত করা বা আয়োজন করতে সহায়তা করা, এবং আপনি ঘটনার শিকার না হলে বলপূর্বক বিয়েতে অংশ নেয়াটাও আইন বিরুদ্ধ। এটা আইনি, সাংস্কৃতিক এবং ধর্মীয় বিয়ের ক্ষেত্রে প্রযোজ্য।

অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা রয়েছে যা সহায়ক হতে পারে।

1800RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট www.1800RESPECT.org.au-এ যান।

আমার নীল আকাশ (**My Blue Sky**) হলো অস্ট্রেলিয়ার জাতীয় ওয়েবসাইট ও হেল্পলাইন যা বলপূর্বক বিয়ে প্রতিরোধ, তথ্য, রেফারাল এবং বিনামূল্যে আইনি পরামর্শ প্রদানের জন্য নিবেদিত।

(02) 9514 8115 নম্বরে ফোন করুন, **0481 070 844** নম্বরে স্কুদে বার্তা পাঠান, help@mybluesky.org.au ঠিকানায় ইমেইল করুন, বা **My Blue Sky** এর ওয়েবসাইট www.mybluesky.org.au-এ যান।

অভ্যন্তরীণ বিষয়ক বিভাগের (**Department of Home Affairs**) **ওয়েবসাইট** www.homeaffairs.gov.au-এ গিয়ে “forced marriage” (“বলপূর্বক বিয়ে”) লিখে অনুসন্ধান করে পারিবারিক সহিংসতা এবং ভিসা, বলপূর্বক বিয়ে এবং মানব পাচার সম্পর্কিত আরও তথ্য পাওয়া যাবে।

আপনার কি দোভাষী প্রয়োজন?

131 450 নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।